মঙ্গলবার
২৫ আগস্ট ২০১৫ ১০ ভাদ্র ১৪২২ ৯ জিলকদ ১৪৩৬ রেজি: নং-ডিএ ৬২০০ বর্ষ ৩ সংখ্যা ২১৭

# সংবাদ প্রতিদিন

প্রান্তজনের দৈনিক
Daily Sangbad Protidin
প্রথম সংস্করণ



জোকোভিচকে হারিয়ে ফেদেরারের শিরোপাধ পৃষ্ঠা: ১০

শরতে সুন্দর চুল পৃষ্ঠা: ৫

আসামে বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ১৩ পৃষ্ঠা: ৮

সত্যি হলো সোনাক্ষীর স্বপ্ন পৃষ্ঠা: ১০



৫ টাকা sangbadprotidin.com /dailysangbadprotidin /sangbadp

## ‘২৫ বছরেও হার্ডিঞ্জ সেতুর কোনো ক্ষতি হবে না’

**ঈশ্বরদী (পাবনা) প্রতিনিধি** ◈

প্রাকৃতিক ও নির্মাণ ত্রুটি এবং কোনো প্রকার বিরূপ প্রভাব ছাড়াই পাকশী হার্ডিঞ্জ সেতুর স্থায়ীত্ব শতবর্ষ অতিক্রম করায় রেল কর্তৃপক্ষ পাকশী সড়ক ও জনপথের সম্মেলন কক্ষে গত রবিবার দুপুরে সেমিনারের আয়োজন করেন। এতে জাপান, কোরিয়া, হাঙ্গেরি, স্পেন, ইন্ডিয়া, বাংলাদেশসহ জাইকা ও আইএবিএসই’র ৫০ সদস্যের একটি প্রতিনিধি দল অংশ নেন। এ উপলক্ষ্যে একটি বিশেষ সুসজ্জিত ট্রেন ১৫০ জনের দেশি-বিদেশি পর্যটক ও যাত্রী নিয়ে ঈশ্বরদীর পাকশীতে আসেন। সেমিনারে সভাপতিত্ব করেন বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক আমজাদ হোসেন। বক্তব্য রাখেন সেতু বিশেষজ্ঞ প্রতিনিধি দলের দলনেতা ও প্রধান অতিথি আন্তর্জাতিক সেতু বিশেষজ্ঞ প্রফেসর ড. জামিলুর রেজা চৌধুরী, সেতু বিশেষজ্ঞ ও ভারতীয় প্রকৌশলী অমিতাভ ঘোষাল, বুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান তৌফিকুল আনোয়ার, আইএবিএসই এর সদস্য ড. আজাদুর রহমান, বুয়েটের শিক্ষক ডা. হাসিব মোহাম্মদ হাসান, ড. সাইফুল আমিন, ড.আব্দুর রউফ, জাইকার সদস্য কে নোগামি, ক্যারলী হিরোস, টি ইসিকুতা, এডিজিআই কাজী রফিকুল আলম, এডিজি অপারেশন হাবিবুর রহমান, পশ্চিমাঞ্চল রেলওয়ের জিএম খায়রুল আলম, টঙ্গি-ভৈরব ডাবল লাইন প্রকল্পের জিএম সাগর কৃষ্ণ চক্রবর্তি প্রমুখ।